

তারিখ : ২৬/০৬/২০২০

বাড়ির কাজ - ৪

ছেলেধরা

শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

- ১। নীচের প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে নাও :
- ক) লতিফ মিঞা প্রাণের দায়ে কাঁটা বন ভেঙে লাফিয়ে পড়েছিল - বনের মধ্যে / ডোবায় / পথের ধারে।
- খ) সবাই পাড়ে দাঁড়িয়ে লতিফ মিঞাকে ছুঁড়তে লাগল - ঢিল / কাদা / পচা ডিম।
- গ) লতিফ মিঞা জল আর ইঁট খেয়ে হয়ে পড়েছিল - জ্যান্ত / মরা / আধমরা।
- ঘ) কতগুলি উৎসাহী লোক জলে নেমে হাঁচকে টেনে তুলেছিল - হীরুকে / মামুদকে মিঞাকে / লতিফ মিঞাকে।

ঙ) লোকটার অবস্থা দেখে চোখে জল এসেছিল - লেখকের / গ্রামবাসীর /
মামুদের।

চ) “বাবুমশায়, আর এ-সব কাজে কখনো নয়।”--- কথাটি বলেছিল -
গ্রামবাসী / লেখক / লতিফ মিঞা।

ছ) লতিফ কোনোমতে বাড়ি চলে গেল - হেঁটে হেঁটে / লাফিয়ে লাফিয়ে /
খোঁড়াতে খোঁড়াতে।

জ) অনেক রাতে প্রচন্ড কোলাহল উঠেছিল - ঘোষালদের পাড়ায় / কায়েত
পাড়ায় / দাস পাড়ায়।

ঝ) গোরুকে জাব দিতে গোয়ালে ঢুকেছিল - দাসেদের বি। / মিত্রদের বি। /
ঘোষালদের বি।

ঞ) ঘোষাল মামুদ মিঞার থেকে কেড়ে নিয়েছিল - পাকা লাঠি / কাঁচা লাঠি
/ বাঁশের কপি।